৫/২

ভোরের কাগজ

তারিখ JUL. 8 1999
পৃষ্ঠা ১২ কলাম ৩

# পরীক্ষা পিছানোর দাবিতে ঢা. বিতে মিছিল, সমাবেশ

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ও সমাজবিজ্ঞান অনুষদের প্রথম বর্ষ ও মাস্টার্সের ছাত্ররা এক মাস পরীক্ষা পিছানোর দাবিতে গতকাল রোববার মিছিল সমাবেশ করেছে।

মাস্টার্সের ছাত্ররা সমাবেশ থেকে আগামী শনিবার ধর্মঘট এবং দাবি মানা না হলে ১ আগস্ট থেকে অবিরাম ধর্মঘটের আহ্বান করেছে। ছাত্ররা পরীক্ষা পিছাতে চারটি যুক্তি দেখিয়েছে। তারা বলেছে, কয়েকটি বিভাগের ক্লাস, ইনকোর্স টিউটোরিয়াল পরীক্ষা এখনো শেষ হয়নি। কয়েকটি বিভাগে '৯৬ সালের ফলাফল প্রকাশিত না হওয়ায় পরীক্ষায় ফেল করলে তারা এ পরীক্ষায় অংশ নিতে পারবে না। তারা বলেছে, এ জন্য সময় প্রয়োজন। ছাত্ররা এ ছাড়াও পরীক্ষা পিছানোর কারণ হিসেবে বিসিএস লিখিত পরীক্ষা ও বিশ্বকাপ ক্রিকেটের কথা উল্লেখ করেছে।

এ দুই অনুষদের প্রথম বর্ষের ছাত্ররাও পরীক্ষা পিছাতে গতকাল মিছিল সমাবেশ করেছে। তারা অপরাজেয় বাংলার পাদদেশে সমাবেশ করে এবং প্রক্টরের কাছে একটি স্মারকলিপি জমা দেয়। এ সময় তারা কলা ভবনের কয়েকটি কক্ষের কাচ ভাঙচুর করে। তারা বন্যার কারণে ঠিকমতো ক্লাস করতে না পারায় পরীক্ষা পিছানোর দাবি করেছে।